



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.০৪২.৪৭০০.০০০.১৪.০৮৪.১৫.১৮৯৫

তারিখ: ০৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

বিষয় : ২০২২-২৩ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রস্তাবিত প্রকল্পে ত্রুটি সম্পর্কে ব্যাখ্যা প্রদান।

সূত্র : খুলনা জেলা পরিষদের স্মারক জেপখ/এক-১/জি-০৩/২০২২-২০২৩/৩১৫ (যুক্ত), তারিখ: ২৪ আগস্ট ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২২-২৩ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১৪৩৬.৩১ লক্ষ (চৌদ্দ কোটি ছত্রিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪৯৬টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু, প্রস্তাবিত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক ২১৯, ২২৩ ও ২২৬ এ বর্ণিত মোট ৩(তিন) টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় উল্লেখ করা হয়নি। এছাড়া, ক্রমিক ১৯৩, ৪০১-৪১৫, ৪১৭-৪১৮, ৪২৪-৪৩৩ এ প্রস্তাবিত মোট ২৮টি প্রকল্পের ক্ষেত্রে একই প্রকল্পের পুনরাবৃত্তি করা হয়েছে, যা কোন ক্রমেই সমীচীন হয়নি।

২। এমতাবস্থায়, প্রাক্কলিত ব্যয় উল্লেখ না করে ৩(তিন)টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করা এবং ২৮(আটাশ)টি প্রকল্পের ক্ষেত্রে একই প্রকল্পের পুনরাবৃত্তি করে প্রস্তাব প্রেরণের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


এস এম নজরুল ইসলাম
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।